মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

# জরুরি বিজ্ঞপ্তি

স্মারক নং-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/৩০৫

তারিখ : ১০-০২-২০২৬ খ্রি.

বিষয় : ২০২৬ সালে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন এবং নিবন্ধন প্রসঙ্গে।

এ বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগত করা যাচ্ছে যে, ২০২৬ সালে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন এবং নিবন্ধন নিম্নরূপ সম্পন্ন করতে হবে-

১। ২০২৬ সালে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য অনলাইনে আপলোড করতে হবে।

২। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ নেই তাদের নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোনক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠান হতে নিবন্ধন করা যাবে না।

৩। জাতীয় শিক্ষানীতি -২০১০ অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারি পরীক্ষার্থীর নূন্যতম বয়স ৯+ বছর এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৫ বছর, তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে এ বয়স সীমা ২০ বছর।

৪। প্রত্যেক প্রতিষ্ঠান তার শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করবে এবং কমিটি কর্তৃক প্রদানকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষর শেষে প্রধান শিক্ষকের অনুমোদনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে। যে কোন প্রকার ভুলত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।

৫। ১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখে ৬ষ্ঠ শ্রেণির হাজিরা খাতা অনুযায়ী (উপস্থিত/অনুপস্থিত) সকল শিক্ষার্থীর তথ্য নিবন্ধনের জন্য প্রদান করতে হবে। নিবন্ধনের ক্ষেত্রে শ্রেণি রোলের ধারাবাহিকতা অবশ্যই বজায় রাখতে হবে। ভুলবশত কোন শিক্ষার্থী নিবন্ধন থেকে বাদ পড়লে তার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৬। নিবন্ধনের সময় শিক্ষার্থী/অভিভাবকের সক্রিয় মোবাইল নম্বর এন্ট্রি করতে হবে। প্রয়োজনে বোর্ড থেকে এই মোবাইল নম্বরে যোগাযোগ করা হবে।

৭। অনলাইনে তথ্য আপলোড ও সংশোধন এবং নিবন্ধন করণের সময়সূচি জরিমানা ছাড়া ১০-০২-২০২৬ খ্রি. তারিখ হতে ২২-০২-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত এবং বিলম্ব জরিমানা ফিসসহ ২৩-০২-২০২৬ খ্রি. তারিখ হতে ২৮-০২-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত। নির্ধারিত সময়ের পর নতুন কোন তথ্য আপলোড করা যাবে না। প্রত্যেক প্রতিষ্ঠান নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের হার্ডকপি সংরক্ষণ করবে। পরবর্তীতে এই হার্ডকপি এর সাথে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন করতে হবে। অনলাইনে তথ্য আপলোড না থাকলে তাকে শিক্ষার্থী বলে গণ্য করা যাবে না।

৮। শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস শুধুমাত্র সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে অনলাইনে প্রেরণ করতে হবে এবং তা কোনক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না। শিক্ষার্থীদের নিকট হতে বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ গ্রহণ করলে প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। (ক) ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থী প্রতি ফিসের হার

| নিবন্ধন ফিস | স্কাউট ফিস | গার্ল গাইড ফিস | রেডক্রিসেন্ট ফিস | মোট টাকার পরিমান | বিলম্ব ফিস |
|---|---|---|---|---|---|
| ৫০/- | ২৫/- | ১৫/- | ৮/- | ৯৮/- | ৫০/- |

(খ) শিক্ষার্থী প্রতি রেডক্রিসেন্ট ফিস আদায় করে আদায়কৃত অর্থের ৬০% অর্থ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৪০% হারে শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে। শিক্ষার্থী প্রতি মোট ফিস (বিলম্ব ফিস ব্যতীত) ৯৮ (অটানব্বই) টাকা মাত্র।

১০। যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.jessoreboard.gov.bd এর বামপাশের মেন্যু থেকে Student Management বাটনে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করে শিক্ষার্থীর নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বোর্ডের ওয়েবসাইটের Latest Notice এ প্রদত্ত জেলাভিত্তিক মাষ্টার ট্রেইনারদের নিকট থেকে সেবা সংক্রান্ত সহায়তা নেয়ার জন্য যোগাযোগ করা যাবে। বিশেষ প্রয়োজনে যশোর শিক্ষা বোর্ডের নিম্নলিখিত নম্বরগুলোতে সহায়তা পাওয়া যাবে।
মোবাইল নম্বর : ০১৭১৫-৮৫১১৪৫, ০১৭৩১-৪৫৪৪০৯ ও ০১৭১৪-৫৭৩৪৭৫

[অপর পাতায়]

১১। সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক দৈনিক হাজিরাসহ নিজ নিজ ওয়েবসাইটের সকল মেন্যুতে তথ্য হালনাগাদ নিশ্চিত করতে হবে।

১২। শিক্ষার্থীর নিজের এবং পিতা ও মাতার নামের পূর্বে Mr, Mrs, Miss, Sree, Sreemoti, Advocate, Hazi, Al-haz, Eng, Late, Major, Colonel, Brigadier, Dr, Prof ইত্যাদি ধরনের পদবি এবং নামের শেষে MA, MCOM, MSC, BA, BSC, BSS, BBS, FRCS, PHD, FCPS, FCA, Master ইত্যাদি ধরণের শিক্ষাগত যোগ্যতাসূচক শব্দ ব্যবহার করা যাবে না।

<u>বিশেষ দ্রষ্টব্য:</u> শিক্ষার্থীদের নিবন্ধনের তথ্য প্রদানের সময় পিইসি, জন্ম নিবন্ধন সনদ এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সাথে মিল রেখে শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম ও জন্ম তারিখের তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। শিক্ষার্থীর পিইসি, জন্ম নিবন্ধন সনদ এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্রে কোন প্রকার ভুল থাকলে তা সংশোধন করে তথ্য আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১০/০২/২০২৬

(প্রফেসর ড. মোঃ কামরুজ্জামান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক
ও কলেজিয়েট বিদ্যালয়

স্মারক নং-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/৩০৫(১-৮)

তারিখ : ১০-০২-২০২৬ খ্রি.

<u>অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :</u>

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর ।
২। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৪। উপ-পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৭। উপজেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৮। সংরক্ষণ নথি।

10.02.2026

মোঃ ডালিম হোসেন
উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন, অতিরিক্ত দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
মোবাইল : ০১৭২৯-৬৮২৯৫৯